স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত

## হ্যানিম্যান হল

মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম
হোমিও প্রতিষ্ঠান

হোমিওপ্যাথিক ও বাইওকেমিক ঔষধ কলিকাতার দরে বিক্রয় হয়। পাইকারী গ্রাহকদের বিশেষ সুযোগ ও সুবিধা দেওয়া হয় আমরা যত্নের সহিত ভি. পি. যোগে মফঃস্বলে ঔষধ সরবরাহ করি।

হোমিও পেটেন্ট "আইওলিন"
চক্ষু ওঠায় ফল সুনিশ্চিত।

**হ্যানিম্যান হল,** খাগড়া, মুর্শিদাবাদ
বিঃ দ্রঃ—কোন ব্রাঞ্চ নাই।

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট
পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ
জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫২শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১০ই কার্তিক বুধবার, ১৩৭২ ইং 27th Oct. 1965 { ২৪শ সংখ্যা



সকল ঘরের তরে...
দীপ্তি লণ্ঠন
ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রিজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

## রান্নায় আনন্দ

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

• ঝুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
• স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
• যে কোনো অংশ সহজলভ্য।



PATENT NO.

## খাস জনতা

কেরোসিন কুকার

প্রস্তুতকারক:
দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

শীতবস্ত্রের বিপুল আয়োজন

## শিবদুর্গা বস্ত্রালয়

রঘুনাথগঞ্জ বাজারপাড়া

গ্রাহকগণের রুচিসম্মত শীতের উপযোগী নানা-প্রকার কাপড় আমদানী করিয়াছি। পরীক্ষা প্রার্থনীয়।

প্রোঃ—শিবদুর্গা বস্ত্রালয়

স্টুডেন্টস ফেভারিট

রঘুনাথগঞ্জ, (বাস ষ্ট্যাণ্ড) মুর্শিদাবাদ

★ পাঠাগার, স্কুল ও কলেজের সব রকমের বই, খেলার সরঞ্জাম, কাগজ পেন ইত্যাদি সবচেয়ে সুবিধায় কিনুন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

১০ই কার্ত্তিক বুধবার সন ১৩৭২ সাল।

## ভ্রাতৃ-দ্বিতীয়া

—০—

কথিত আছে যে, এই দিবসে যমুনা সহোদর যমরাজকে স্বগৃহে আনয়নপূর্ব্বক অর্চ্চনা করিয়া তাঁহাকে ভোজন করাইয়াছিলেন। এইজন্য ইহা যম দ্বিতীয়া নামেও অভিহিত। এই দিবসে ভ্রাতা, ভগিনী কর্ত্তৃক পূজিত হইয়া তদ্দত্ত অন্নাদি গ্রহণ করেন। ভগিনী ভ্রাতাকে নববস্ত্রাদি পরিধান করাইয়া তাঁহার কপালে ঘৃত বা চন্দনের ফোঁটা দিয়া থাকেন। ফোঁটা দিবার মন্ত্র,—

"ভাইয়ের কপালে দিলাম ফোঁটা,
যমের দুয়ারে পড়লো কাঁটা।
যমুনা দেয় যমকে ফোঁটা,
আমি দেই ভাইকে ফোঁটা।"

অতঃপর ভগিনী ভ্রাতার হস্তে মিষ্টান্নাদি প্রদান করিয়া জ্যেষ্ঠ কনিষ্ঠাদিক্রমে প্রণাম বা আশীর্ব্বাদ করেন। পরে অন্নাহারকালে ভগিনী নিম্নোক্ত মন্ত্র বলিয়া ভ্রাতাকে গণ্ডুষ করাইয়া থাকেন,—

"ভ্রাতস্তবানুজাতাহং ভুঙ্ক্ষ ভক্তমিদং শুভম্।
প্রীতয়ে যমরাজস্য যমুনায়া বিশেষতঃ॥"

ভগিনী জ্যেষ্ঠা হইলে "তবানুজাতাহং" স্থলে "তবাগ্রজাতাহং" বলিতে হয়। এই দিবসে ভ্রাতাও ভগিনীকে বস্ত্রালঙ্কারাদি দ্বারা পূজা করিবে ইহাই শাস্ত্রবিধি। সহোদরা ভগিনী না থাকিলে অন্যান্য সম্পর্কীয়া ভগিনীগণ কর্ত্তৃক পূজিত হইবার বিধি আছে। প্রথমতঃ খুড়তুত জ্যেঠতুত ভগিনীর, দ্বিতীয়তঃ মামাত ভগিনীর, তৃতীয়তঃ মাসতুত পিসতুত ভগিনীর নিকট হইতে পুষ্টিকর আহার্য্য গ্রহণ করিতে হয়। যেরূপ সম্পর্কীয়া ভগিনী হউন, সকলেরই হস্ত হইতে আহার্য্য গ্রহণ করা বিধেয়। ইহাকে চলিত কথায় "ভাই দ্বিতীয়া" বা "ভাইফোঁটা" বলিয়া থাকে।

হিন্দু-ভগ্নিগণ জ্যেষ্ঠ ও কনিষ্ঠ সহোদরগণের আয়ুবৃদ্ধি কামনায় কার্ত্তিক মাসের শুক্লাদ্বিতীয়ার দিন এই ব্রত পালন করিয়া থাকেন। কোন্ পুরাকাল হইতে বাঙালী হিন্দু রমণীগণ ভ্রাতার শুভার্থে এই ব্রত পালন করিয়া আসিতেছেন। এতদিন অর্থাৎ মুসলমান রাজত্ব, ইংরাজ রাজত্বেও এই ব্রত বা পর্ব্ব কখনও কোন বাধা প্রাপ্ত হয় নাই। স্বাধীনতা আমদানী হওয়ার পর ভগিনীরা ভ্রাতাদের সহিত পিতৃ ধনসম্পত্তির সমানাধিকারিণী হইল বলিয়া সিকিউলার ভারত রাজ্যে যে আইন হইল, তাহাতে সম্পত্তিবান পিতার কন্যাদের মধ্যে কোন কোন স্থলে ভগিনীর শ্বশুর বাড়ীর স্বজনগণ এই উত্তরাধিকারের সুবিধা লইবার লোভ করিয়া ভগিনীর ভ্রাতৃ-স্নেহে বিঘ্ন উপস্থিত করার জন্য মামলার পাঁয়তাড়া আরম্ভ করিয়াছেন বলিয়া শোনা যাইতেছে। জানি না কতদিন এই ভ্রাতৃ-কল্যাণ ব্রত মেয়েরা পালন করিতে পারিবেন।

বহুদিন হইতে দেশে দাম্পত্যকলহ যেন কলহই নয় বলিয়া উহা কেহ ধর্ত্তব্যের মধ্যেই আনিতেন না। সংস্কৃত পণ্ডিতগণ বলিতেন—

অজাযুদ্ধে ঋষিশ্রাদ্ধে প্রভাতে মেঘডম্বরে।
দম্পত্যোঃ কলহে চৈব বহ্বারম্ভে লঘুক্রিয়া॥

অর্থাৎ ছাগলের যুদ্ধে, ঋষিশ্রাদ্ধে, প্রাতঃকালে মেঘের আড়ম্বরে এবং পতি-পত্নীর কলহের আরম্ভকালে যথেষ্ট আড়ম্বর থাকিলেও অল্পেই শেষ হয়।

ভগিনীর ভ্রাতার সঙ্গে বিষয় বিষ সম্পর্কীয় ব্যাপার এবং তাঁহাদের পিতার কন্যাদায়ে যাঁহারা হৃদয়ে করুণার দ্বার খুলিয়া দিয়া আত্মীয়তা দেখাইয়াছেন তাঁহারা মধ্যস্থলে আছেন। এই ব্রত বোধ হয় অচিরে বিরত হয়।

## শ্যামা পূজা

জঙ্গিপুর মহকুমার পল্লীগ্রামে ও রঘুনাথগঞ্জ জঙ্গিপুরে অনেক স্থানে শ্রীশ্রীশ্যামা মাতার পূজার্চ্চনা হইয়াছে। প্রত্যেক স্থানেই নির্বিঘ্নে পূজাকার্য্য সমাধা হইয়াছে বলিয়া খবর পাওয়া গিয়াছে।

## সীমান্তে নিষেধাজ্ঞা

—•—

মুর্শিদাবাদ জেলা সমাহর্তা শ্রীবিশ্বরূপ মুখোপাধ্যায় মহাশয় পশ্চিমবঙ্গ নিরাপত্তা আইনের ২০ ধারানুযায়ী প্রচারিত এক আদেশবলে ১৫ই অক্টোবর ১৯৬৫ থেকে ১৪ই জানুয়ারী ১৯৬৬ পর্য্যন্ত মুর্শিদাবাদ জেলার ভারত পাকিস্থান সীমান্তের পাঁচ মাইল পর্য্যন্ত ভূখণ্ডে সন্ধ্যা থেকে ভোর পর্য্যন্ত যে কোন প্রকার যানবাহনে অথবা মনুষ্যবাহিত হয়ে গৃহপালিত পশুসহ সর্বপ্রকার আবশ্যকীয় পণ্য সামগ্রীর চলাচল এবং হাটে বাজারে দোকানে ক্রয় বিক্রয় নিষিদ্ধ কোরেছেন। কেবলমাত্র যথাযথ লাইসেন্স প্রাপ্ত ঔষধের দোকান, জেলা শাসন কর্ত্তৃপক্ষের কাছ থেকে প্রয়োজনীয় আদেশনামা-প্রাপ্ত কলিকাতা শিলিগুড়ি জাতীয় সড়কে চলাচলকারী যানসমূহের এবং প্রকৃত মৎস্যজীবিদের ক্ষেত্রে এই আদেশ আবশ্যকমত শিথিল করা হবে অথবা প্রযোজ্য হবে না। —জেলা প্রচার দপ্তর

## অভিনয়

৺মহাষ্টমীর রাত্রে রঘুনাথগঞ্জ সার্বজনীন দুর্গোৎসব প্রাঙ্গণে স্থানীয় শিল্পীগণ বিধায়ক ভট্টাচার্য্যের "তাইতো" নাটক মঞ্চস্থ করেন। প্রতি বৎসর এই পূজাপ্রাঙ্গণে তিন রাত্রি অভিনয় হ'তে দেখেছি, এবারে মাত্র এক রাত্রি অভিনয় হ'য়েছে। "তাইতো" নাটকটী হাসির নাটক। নাটকের হাসির আমেজটী ঠিকভাবে ধরে রেখে দর্শকদের সঙ্গে শিল্পীদের প্রত্যক্ষ যোগাযোগ করতে পারলেই নাটক জমে উঠে। পরিচালক ডাঃ গৌরীপতি চট্টোপাধ্যায় মহাশয় সেদিক দিয়ে সফলকাম হয়েছেন। ডাঃ গৌরীপতি চট্টোপাধ্যায়, বিশ্বপতি চট্টোপাধ্যায় ও শুভাংশু চক্রবর্ত্তীর অভিনয় বেশ ভাল হ'য়েছিল। স্ত্রী-চরিত্রগুলি এত নিষ্ঠার সঙ্গে অভিনীত হ'য়েছিল যে তাদের নতুন শিল্পী বলে মনে হচ্ছিল না। পরিচালক মহাশয়ের পুত্র মাষ্টার আলো প্রথম মঞ্চে নেমেই লোকের মন জয় করতে সমর্থ হ'য়েছে।

## কেরোসিন তেলের সংকট

৪।৫ মাস হ'তে জঙ্গিপুর মহকুমায় কেরোসিন তেলের নিদারুণ সংকট চলছে। খোলা বাজারে তেল পাওয়া যায় না। শহর ও মফঃস্বলে মনোনীত দোকানগুলোতে দুই সপ্তাহ থেকে কার্ড পিছু সপ্তাহে এক লিটার কোরে তেল দেওয়া সুরু হয়েছে। গ্রামাঞ্চলের অবস্থা অত্যধিক শোচনীয়। বহু গৃহে অপ্রদীপ চলছে—তা' ছাড়া বার্ষিক পরীক্ষার জন্যে ছাত্র-ছাত্রীদের রাতের পড়াশোনা ত্যাগ কোরতে হয়েছে।

## সম্পত্তি বিক্রয়ের বিজ্ঞাপন

গত ইং ২৩।৫।৬২ তারিখে সিদ্দিক আহাম্মদ পিতা মৃত কলিমুদ্দিন বিশ্বাস সাং শিবপুর থানা রঘুনাথগঞ্জ জেলা মুর্শিদাবাদ এর সম্পাদিত ও জঙ্গিপুর সাবরেজেষ্ট্রী অফিসে রেজেষ্ট্রীকৃত দলিলমূলে প্রাপ্ত আমাদের স্বত্ব দখলীয় নিম্নসম্পত্তি বিক্রয় করা হইবে। উক্ত সম্পত্তি খরিদেচ্ছুগণ নিম্ন ঠিকানায় যোগাযোগ করুন। ইতি—

১। জেলা মুর্শিদাবাদ থানা রঘুনাথগঞ্জ মৌজা খামড়া জেঃ এলঃ নং ৪৭ তৌজি নং ৩৯০ খতিয়ান নং ৪৫৬ দাগ নং ১০১৮ এড়িয়া ৮'৪৪ একর শ্রেণী আউশ দেয় বার্ষিক জমা ২৮॥৶৯ পাই খাস দখলীয় সম্পত্তি

২। জেলা মুর্শিদাবাদ থানা রঘুনাথগঞ্জ মৌজা কানাইমাটী জেঃ এলঃ নং ৫২ তৌজি নং ১০৯২ মোট জমি ১-১৭ একর খতিয়ান নং ২৪২

| দাগ নং | উত্তরে | শ্রেণী | পরিমাণ |
|---|---|---|---|
| ৮৬ | হাজি এমাদুদ্দিন | আউশ | '৮৫ |
| ৮৯ | এনাতুল্লা | ঐ | '৩২ |

মোট জমি ১'১৭ শতক বার্ষিক জমা ২॥/৯ পাই।

শ্রীবিমলেন্দু চৌধুরী, শ্রীমায়া চৌধুরী, শ্রীউমা চৌধুরী
২২৮/১/৪, এস্, কে, দেব রোড
কলিকাতা—৪৮

জাতীয় প্রতিরক্ষা তহবিলে
মুক্তহস্তে দান করুন



## ॥ কৃষি সংবাদ ॥

### খাদ্যে আমাদের স্বয়ং সম্পূর্ণ হতেই হবে



প্রফুল্লচন্দ্র সেন
পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী

### রবি শস্যের উৎপাদন বাড়ান

### কোথাও কোনো জমি ফেলে রাখবেন না

★ ফুলের বাগান, লন এবং অন্যান্য সকল রকমের চাষযোগ্য জমিতে কোন না কোন ফসল উৎপাদন করুন।

★ একই জমিতে একাধিক ফসল তুলুন।

★ যে ফসল দেড় মাস থেকে চার-পাঁচ মাসের মধ্যে পাওয়া যায় সেইরকম ফসল চাষ করুন।

★ দেড় থেকে আড়াই মাসের মধ্যে ফসল তোলা যায় এমন সব্জি হ'ল—পালং, মূলো, সিম, লেটুস্, মটরশুঁটি, শশা প্রভৃতি এবং একজাতীয় মুগ ডাল।

★ আড়াই থেকে চার মাসের মধ্যে ফসল তোলা যায় এমন ফসল হ'ল—ফুলকপি, বাঁধাকপি, লঙ্কা, শালগম, আলু, কুমড়ো, মটর, ঢ্যাড়শ, গাজর, পিঁয়াজ, রসুন, বিলাতি বেগুন, মুসুর ডাল, মুগ, কলাই, খেঁসারি ডাল ইত্যাদি এবং বিভিন্ন তৈলবীজ।

ঃ মনে রাখবেন ঃ

**পুষ্টি মূল্যে আলু তণ্ডুল জাতীয় খাদ্যের উপযুক্ত অনুকল্প এখন থেকেই বেশি আলু উৎপাদনের প্রস্তুতি করুন।**

W. B (I & P. R.) F. P. C. (C 6)/65



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের

# আমলা কেশ



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

---

## সারিবাদ্যাসব

এর প্রতি ফোঁটাই আপনার রক্তের বিশুদ্ধতা আনবে এবং দেহে নূতন শক্তি ও উৎসাহের সঞ্চার করবে।

### ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ

অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)

---

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

## আর্ট ইউনিয়ন

| | |
|---|---|
| সিটি সেলস অফিস | সেলস অফিস ও শোরুম |
| ৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-১ | ৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬ |
| টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি: | ফোন: ৫৫-৪৩৬৬ |

---

সাইকেল ও সাইকেল পার্টস এর নির্ভরযোগ্য প্রাচীন প্রতিষ্ঠান

## সুলভ ভাণ্ডার

রঘুনাথগঞ্জ চাউলপটী।

---

আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

রজশশী আয়ুর্ব্বেদ ভবনের

## পামারি

চুলকুনি ও সর্ব্বপ্রকার চর্ম্মরোগের অব্যর্থ মহৌষধ

কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর

রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

---

হাতে কাটা

## বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

---

জঙ্গিপুর সংবাদ সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২·২৫ নঃ পঃ অগ্রিম দেয়, নগদ মূল্য ০৬ নঃ পঃ।

বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন। ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)